দৈনিক ইত্তেফাক

তারিখ ... 2-8 MAR 2008
পৃষ্ঠা ২০ কলাম ২

# চট্টগ্রাম শিক্ষা বোর্ডে দু'বছরে ঝরে গেছে ৩৫ হাজার শিক্ষার্থী

॥ চট্টগ্রাম অফিস ॥

চট্টগ্রাম শিক্ষা বোর্ডে মাত্র দুই বছরে হারিয়ে গেছে ৩৫ হাজার শিক্ষার্থী। ২০০৬ সালে এ বোর্ডের অধীনে নবম ও একাদশ শ্রেণীতে ভর্তি হয়েও এবারকার এসএসসি ও এইচএসসি পরীক্ষায় অংশ নিতে পারেনি এদের কেউই। নির্বাচনী পরীক্ষায় অনুত্তীর্ণ হওয়া কিংবা আর্থিক অস্বচ্ছলতার কারণে এরা পড়াশোনার ইস্তফা দিয়েছে শিক্ষা জীবনের মাঝপথে। বোর্ডের পরিসংখ্যান অনুযায়ী ঝরে পড়া এসব শিক্ষার্থীর অধিকাংশই মফস্বলের। এ ব্যাপারে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক ড. মুহাম্মদ ইউসুফ দৈনিক ইত্তেফাককে বলেন, 'হারিয়ে যাওয়া শিক্ষার্থীদের অধিকাংশ নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ হয়নি। তবে সার্বিকভাবে ঝড়ে পড়া এসব শিক্ষার্থীর সংখ্যা মফস্বলে বেশি।'

চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে বিভিন্ন স্কুলে ২০০৬ সালে নবম শ্রেণীতে ভর্তি হয় প্রায় ৭৬ হাজার শিক্ষার্থী। কিন্তু এবারকার এসএসসি পরীক্ষায় এদের মধ্য থেকে অংশ নিচ্ছেন মাত্র ৫৫ হাজার ৮৮ জন ছাত্র-ছাত্রী। এ হিসাবে মাধ্যমিক পর্যায়ে শিক্ষাবর্ষ নষ্ট হলো ২১ হাজার শিক্ষার্থীর। একইভাবে ২০০৬ সালে চট্টগ্রাম বোর্ডের অধীনে একাদশ শ্রেণীতে ভর্তি হয় প্রায় ৫৫ হাজার ছাত্র-ছাত্রী কিন্তু ২৯ মে শুরু হতে যাওয়া এইচএসসি পরীক্ষায় এদের মধ্য থেকে অংশ নিচ্ছে মাত্র ৪১ হাজার শিক্ষার্থী। এ হিসাবে উচ্চ মাধ্যমিক পর্যায়ে শিক্ষাবর্ষ নষ্ট হলো ১৪ হাজার শিক্ষার্থীর। পরীক্ষায় অংশগ্রহণ না করা শিক্ষার্থী সব মিলিয়ে ৩৫ হাজার হলেও এদের মধ্যে অনেকে আগামী বছর (১৯শ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম শিক্ষা বোর্ডে

(২০শ পৃঃ পর)

এসএসসি ও এইচএসসি পরীক্ষায় অংশ নেবে। চট্টগ্রাম শিক্ষা বোর্ড কর্মকর্তাদের ধারণা অনুযায়ী হারিয়ে যাওয়া শিক্ষার্থীদের মধ্যে এদের সংখ্যা আছে ন্যূনতম ৫০ শতাংশ। শিক্ষা আনুষঙ্গিক খাতে প্রতি বছর অর্থ বৃদ্ধির পরও হারিয়ে যাওয়া শিক্ষার্থীর সংখ্যা কমছে না মফস্বলে। এ ব্যাপারে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মজিবুল আলম চৌধুরীর দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি বলেন, 'মফস্বলে হারিয়ে যাওয়া শিক্ষার্থীদের বেশির ভাগ নারী। আর্থিক অস্বচ্ছলতা, সামাজিক কারণ ও অসচেতনতা কাজ করছে এর নেপথ্যে।' উপবৃত্তি কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন হলে এই সংখ্যা ক্রমশ কমবে।

### পরীক্ষার প্রথম দিনে চট্টগ্রাম শিক্ষা বোর্ডে বহিষ্কার ২

এসএসসি পরীক্ষার প্রথম দিনে চট্টগ্রাম শিক্ষা বোর্ডে বহিষ্কার হয়েছে মাত্র ২ জন শিক্ষার্থী পরীক্ষায় অসদুপায় অবলম্বনের অভিযোগে রাঙামাটি বিলাইছড়ি উচ্চ বিদ্যালয় ও বান্দরবানের রুমা সরকারি উচ্চ বিদ্যালয় থেকে তাদের বহিষ্কার করা হয়। উল্লেখ্য, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের ১১২টি কেন্দ্রে ৮৯৪টি স্কুলের ৫৫ হাজার ৮৮ জন শিক্ষার্থী এসএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে।